



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন ২য় ব্লক, ২য় তলা
ওয়েবসাইটঃ www.dia.gov.bd


ডিআইএ কর্তৃক পরিচালিত বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়ন কর্মসূচির আওতায় কর্মকর্তাদের জন্য স্বচ্ছ ও জবাবদিহিমূলক পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণে চ্যালেঞ্জ ও করণীয় বিষয়ক প্রশিক্ষণ প্রতিবেদন প্রশিক্ষণের মূল উদ্দেশ্যঃ জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নে পেশাগত দক্ষতা ও সক্ষমতা অর্জনের মাধ্যমে দপ্তরের গতিশীলতা বৃদ্ধি।
প্রশিক্ষণের নামঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ; তারিখঃ ৩০-০৯-২০২০
প্রশিক্ষণের শিরোনামঃ স্বচ্ছ ও জবাবদিহিমূলক পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নকরণে চ্যালেঞ্জ ও করণীয়
স্থানঃ শেখ রাসেল স্মৃতি সম্মেলন কক্ষ, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ২য় ব্লক, ২য় তলা

প্রধান অতিথিঃ জনাব মোঃ হাসানুল ইসলাম, এনডিসি, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
সভাপতিঃ প্রফেসর অলিউল্লাহ্ মোঃ আজমতগীর, পরিচালক, এ অধিদপ্তর

৩০/০৯/২০২০ তারিখ সকাল ১০-০০ টায় ডিআইএ'র শেখ রাসেল স্মৃতি মিলনায়তনে প্রশিক্ষণ কার্যক্রমের সংক্ষিপ্ত উদ্বোধন কার্যক্রম অনুষ্ঠিত হয়। ড. রেহেনা খাতুন, উপ-পরিচালক, ঢাকা বিভাগ এর সঞ্চালনায় প্রশিক্ষণের উদ্দেশ্য বর্ণনা করে স্বাগত বক্তব্য রাখেন জনাব বিপুল চন্দ্র সরকার, যুগ্ম-পরিচালক, এ অধিদপ্তর। সম্মানিত প্রধান অতিথি প্রশিক্ষণের প্রয়োজনীয়তা উল্লেখ করে জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রজ্ঞাপণ, পরিপত্র, নীতিমালা ও কর্ম পরিকল্পনা প্রণয়ন নির্দেশিকা-২০১৯-২০ সংক্রান্ত বক্তব্য রাখেন এবং পরিচালক মহোদয় সভাপতির বক্তব্য প্রদান ও উদ্বোধন অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন। অতঃপর ০৬ টি কর্ম অধিবেশনে নিম্নোক্ত বিষয়ের উপর দিনব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ঃ-

সেশন বিবরণীঃ (প্রতি সেশন-০১ ঘণ্টা)

ক্রমিক	রিসোর্স পার্সনদের নাম ও পদবী	সেশন	বিষয়
১	জনাব মোঃ হাসানুল ইসলাম, এনডিসি, অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ	১ম ও ২য় কর্ম অধিবেশন	জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রজ্ঞাপণ, পরিপত্র, নীতিমালা ও কর্ম পরিকল্পনা প্রণয়ন নির্দেশিকা- ২০১৯-২০
২	প্রফেসর অলিউল্লাহ্ মোঃ আজমতগীর, পরিচালক; এ অধিদপ্তর	৩য় ও ৪র্থ কর্ম অধিবেশন	পরিদর্শন ও নিরীক্ষা এবং তদন্ত প্রতিবেদনে অন্তর্ভুক্ত আবশ্যিক বিষয় সমূহ ও প্রতিবেদন প্রস্তুত কৌশল
৩	জনাব বিপুল চন্দ্র সরকার, যুগ্ম পরিচালক, এ অধিদপ্তর	৫ম ৬ষ্ঠ কর্ম অধিবেশন	পরিদর্শন ও নিরীক্ষার উদ্দেশ্য, কর্মশালা পরিচালনা এবং সফলভাবে পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করার জন্য করণীয়।




প্রশিক্ষার্থী পরিচিতিঃ এ অধিদপ্তরের ৯ম হতে ৫ম গ্রেড এ কর্মরত উপ-পরিচালক, শিক্ষা পরিদর্শক, সহঃ শিক্ষা পরিদর্শক, অডিট অফিসার সহ মোট ২২ জন কর্মকর্তা।

প্রশিক্ষণের পদ্ধতিঃ ব্যবহারিক এবং প্রায়োগিক দিক বিবেচনাপূর্বক নিম্নোক্ত পদ্ধতিতে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হয়-

- ১) পারস্পরিক আলোচনা ও মিথস্ক্রিয়ার মাধ্যমে বিষয়ের উপর আলোকপাত ও উপস্থাপনা;
- ২) ব্রেইন স্টোর্মিং এর মাধ্যমে প্রতিষ্ঠানের গতিশীলতা বৃদ্ধি ও উন্নয়ন কৌশল অনুসন্ধানী মতামত উপস্থাপন;
- ৩) বিষয়ের উপর গ্রুপভিত্তিক আলোচনা এবং প্রস্তাবনা উপস্থাপন।

প্রশিক্ষণের ফলাফলঃ

- ১) পরিদর্শন, নিরীক্ষা ও তদন্ত কার্যক্রমে শুদ্ধাচার কৌশল ও নীতিমালা বাস্তবায়ন সম্পর্কিত সুস্পষ্ট ধারণা অর্জন।
- ২) পরিদর্শন ও নিরীক্ষা কার্যক্রমের অংশ হিসেবে কর্মশালায় শুদ্ধাচার কর্মকৌশল বিষয়ে সকলকে অবহিতকরণসহ সুস্পষ্ট দিক নির্দেশনা গ্রহণ।
- ৩) মানসম্মত পরিদর্শন ও নিরীক্ষা/তদন্ত প্রতিবেদন প্রস্তুত বিষয়ে সুস্পষ্ট ধারণা লাভ।



সকলকে ধন্যবাদ জানিয়ে কর্ম অধিবেশন সমূহ সমাপণান্তে পরিচালক মহোদয় প্রশিক্ষণ কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।